৩৭

দৈনিক ইত্তেফাক

তারিখ DEC 1 3 1999
পৃষ্ঠা ৪ কলাম ৬

## এমপিওভুক্তির আবেদন

হলুদিয়া উসমানিয়া মহিলা মাদ্রাসা কুমিল্লা জেলার লাকসাম উপজেলাধীন বাগমারা ইউনিয়নে অবস্থিত। মাদ্রাসাটি দাখিল পর্যায়ে ১৯৮৪ সাল হইতে সরকারী অনুদান পাইতেছে। নারী শিক্ষা বিস্তারের চাহিদা পূরণের লক্ষ্যে '৯৪ সালে এখানে উচ্চ মাধ্যমিক সমমানের আলিম খোলা হয় এবং ঐ বৎসরেই বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হইতে মঞ্জুরি প্রাপ্ত হয়। '৯৬ সাল হইতে আলিম পর্যায়ে ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করিয়া ১০০% ছাত্রী কৃতিত্বের সহিত পাস করিতেছে। কিন্তু দুঃখজনক হইলেও সত্য যে, আলিম পর্যায়ের অনুদানভুক্ত হওয়ার আশ্বাস পাওয়া গেলেও অদ্যাবধি এমপিওভুক্ত হয় নাই। ফলে শিক্ষক-কর্মচারী বিনা বেতনে শ্রম দিয়া যাইতেছেন এবং মানবেতর জীবন-যাপন করিতেছেন। এমতাবস্থায়, অত্র মাদ্রাসাকে অনতিবিলম্বে এমপিওভুক্ত করার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষ সমীপে সনির্বন্ধ আবেদন জানাইতেছি।

মোঃ হানিফ,
গ্রামঃ হলুদিয়া, ডাকঃ বাগমারা,
উপজেলাঃ লাকসাম, জেলাঃ কুমিল্লা।